


শিক্ষাবিদ ইতিহাস

তারিখ ..25.NOV.1988... ..

পৃষ্ঠা... ..3..কলাম... 3.. ..

014



শিক্ষাবিদ  
সম্মানিত

রাজশাহী বিশ্ববিদ্যালয় হইতে  
সংবাদদাতা জানান, রাজশাহী বিশ্ব-  
বিদ্যালয়ের, বাংলাবিভাগের সহ-  
যোগী অধ্যাপক মুহাম্মদ আবুতালিব  
বেশ কয়েকটি জাতীয় ও আন্তর্জাতিক  
সম্মানসূচক পুরস্কার ও পদক লাভ  
করিয়াছেন। কেমব্রিজের 'ইন্টার-  
ন্যাশনাল বায়োগ্রাফিক্যাল সেন্টার'  
তাহাকে বর্তমান বিশ্বের 'প্রথম  
পাঁচশত ব্যক্তির অন্তর্ভুক্ত' করিয়া  
তাহার জীবনী প্রকাশের ইচ্ছা  
(১০ম পৃ: ড্রষ্টব্য)

শিক্ষাবিদ সম্মানিত

(৩য় পৃ: পর)

প্রকাশ করিয়াছে। গ্রন্থখানির নাম  
হইবে 'প্রথম পাঁচশত'। যশোর  
আব্দুর রশীদ সাহিত্য পরিষদ,  
খুলনা সাহিত্য পরিষদ এবং রাজ-  
শাহীর 'উত্তরা' সাহিত্য মজলিশ  
তাহাকে পুরস্কারে সম্মানিত করি-  
য়াছে। সম্প্রতি আমেরিকান বায়ো-  
গ্রাফিক্যাল ইনস্টিটিউট তাহাকে  
'আন্তর্জাতিক সাংস্কৃতিক ডিপ্লোমা  
অব অনার' '৮৮' প্রদান করি-  
য়াছে। গত বৎসর কেমব্রিজের  
আন্তর্জাতিক জীবনী কোর্সে তাহার  
সংক্ষিপ্ত জীবনী প্রকাশিত এবং  
তাহাকে 'সার্টিফিকেট অব বেরিট'  
'৮৮ সনদ' প্রদান করা হইয়াছে।  
লণ্ডন ও আমেরিকার দুইটি প্রতি-  
ষ্ঠান তাহাকে যাবজ্জীবন ফেলো-  
শীপ দেওয়ারও প্রস্তাব দিয়াছে।  
সাহিত্য, ইতিহাস, প্রত্নতত্ত্ব, লোক-  
সাহিত্য, তুলনামূলক ধর্মতত্ত্ব ভাষা-  
তত্ত্ব ইত্যাদি বিষয়ের উপর এ যাবৎ  
তাহার অর্ধশতাধিক গ্রন্থ প্রকাশিত  
হইয়াছে।